



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)




স্মারক নং -৫৭.১৭.০০০০.২০০.৩২.০০১.১৯.০২

তারিখঃ ০৬-০২-২০১৯ খ্রিঃ

৪র্থ পর্বে শূন্য আসনে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে শিক্ষার্থীদের ভর্তি তথ্য অন-লাইনে প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত সরকারি ও বেসরকারি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্স পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ৪র্থ পর্বে শূন্য আসনে এইচএসসি (ভোক) উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। ভর্তির জন্য নিকটস্থ পলিটেকনিক/টিএসসি/বেসরকারি প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান বরাবর বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তির জন্য আবেদনের নিয়মাবলী বোর্ডের ওয়েবসাইটে ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) পাওয়া যাবে।

সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানগণকে ভর্তি সংক্রান্ত নীতিমালা অনুসরণপূর্বক টেকনোলজি ভিত্তিক শিক্ষার্থীদের আবেদন বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েব সাইট ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) এর রেজিস্ট্রেশন ব্লকে ডিপ্লোমা পর্যায় লিংকের মাধ্যমে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তথ্য আগামী ১১/০২/২০১৯ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টার মধ্যে প্রেরণ করার অনুরোধ করা হল।

  
ড. মোঃ নূরুল ইসলাম

পরিচালক (কারিকুলাম)

ও ভর্তি কমিটির সদস্য সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড